বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।

ফোনঃ ০২-৪৮০৩২০৪৪,
০২-৫৮০৫০৪৮৭

Email: gmsc@krishibank.org.bd

নং- বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০২৩-২০২৪/১২৪৫

তারিখ ঃ ১৬ মে, ২০২৪খ্রি.

**মহাব্যবস্থাপক**
সকল বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ ব্যাংকের লোকসান বহনকারী শাখাসমূহকে লাভজনক শাখায় রুপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবস্থাপকদের ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা'র পর্ষদ সচিবালয় বিভাগের ১৮-০২-২০২৪ তারিখের বিকেবি/প্রকা/পসবি-৬৮/২০২৩-২০২৪/২২৩ নং পত্রের মাধ্যমে ব্যাংকের পরিচালনা পর্ষদের ১৫-০২-২০২৪ তারিখে অনুষ্ঠিত ৮৫১তম সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছেঃ

"ব্যাংকের লোকসান বহনকারী শাখাসমূহের লোকসান হ্রাস করে শাখাসমূহকে লাভজনক শাখায় রুপান্তরের লক্ষ্যে উক্ত শাখাসমূহের ব্যবস্থাপকগণকে উৎসাহ ও প্রেষণামূলক প্রশিক্ষণ প্রদান করতে হবে। এছাড়া, লোকসান বহনকারী শাখাসমূহকে লাভজনক শাখায় রুপান্তরের জন্য কি কি পদক্ষেপ/ কৌশল অবলম্বন করা যায় তা অন্তর্ভুক্তকরত একটি পূর্ণাঙ্গ কর্মপরিকল্পনা পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে।"

০৩। পর্ষদের উপরোক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্তে আপনাদের বিভাগ কর্তৃক নিম্নবর্ণিত তফসিল অনুসারে বর্ণিত প্রশিক্ষণ কোর্স আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, বিভাগীয় কার্যালয়, খুলনা কর্তৃক খুলনা বিভাগের সাথে কুষ্টিয়া ও ফরিদপুর বিভাগের প্রশিক্ষণ কোর্স আয়োজন করতে হবে এবং ঢাকা বিভাগের প্রশিক্ষণ কোর্স বিকেবি স্টাফ কলেজ, ঢাকা কর্তৃক আয়োজন করা হবে।

| ক্রঃ নং | বিভাগের নাম | তারিখ ও বার | ৩০.০৪.২০২৪ ইং ভিত্তিক আইবিটিএ সুদ ব্যতীত লোকসান বহনকারী শাখার সংখ্যা | প্রশিক্ষণ আয়োজনকারী বিভাগ/ কার্যালয় | প্রধান অতিথি | সমন্বয়কারী |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কুমিল্লা | ২৪.০৫.২৪ শুক্রবার | ১০৪ | কুমিল্লা | জনাব মোঃ শওকত আলী খান ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব মোহাম্মদ মোসাওয়ার হোসেন উর্ধ্বতন অনুষদ সদস্য(সমন্ব) মোবাইলঃ ০১৭৫৪-৮৮৯৭২৪ |
| ০২ | চট্টগ্রাম | ২৫.০৫.২৪ শনিবার | ৮৫ | চট্টগ্রাম | জনাব মোঃ শওকত আলী খান ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব এ.এইচ.এম. মাহবুবুল বাসেত ভূঞা উপমহাব্যবস্থাপক মোবাইলঃ ০১৭১৫-০১৫৭৪১ |
| ০৩ | ঢাকা | ৩১.০৫.২৪ শুক্রবার | ১০৮ | বিকেবি স্টাফ কলেজ, ঢাকা | জনাব মোঃ শওকত আলী খান ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | ০১। জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম উপমহাব্যবস্থাপক মোবাইলঃ ০১৭১৮-৯১৭৯৭৯ |
| ০৪ | সিলেট | ২৪.০৫.২৪ শুক্রবার | ৭১ | সিলেট | জনাব চানু গোপাল ঘোষ উপব্যবস্থাপনা পরিচালক-১ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব মোঃ মর্তুজা আহমেদ উর্ধ্বতন অনুষদ সদস্য(সমন্ব) মোবাইলঃ ০১৯১৪-১০১৩১৬ |

চলমান পাতা-০২

**বিষয় ঃ ব্যাংকের লোকসান বহনকারী শাখাসমূহকে লাভজনক শাখায় রুপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবস্থাপকদের ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত।**

| ক্রঃ নং | বিভাগের নাম | তারিখ ও বার | ৩০.০৪.২০২৪ইং ভিত্তিক আইবিটিএ সুদ ব্যতীত লোকসান বহনকারী শাখার সংখ্যা | প্রশিক্ষণ আয়োজনকারী বিভাগ/ কার্যালয় | প্রধান অতিথি | সমন্বয়কারী |
|---|---|---|---|---|---|---|
| ০৫ | ময়মনসিংহ | ০১.০৬.২৪ শনিবার | ৩০ | ময়মনসিংহ | জনাব চানু গোপাল ঘোষ উপব্যবস্থাপনা পরিচালক-১ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব পারুল আক্তার ঊর্ধ্বতন অনুষদ সদস্য(সমব্য) মোবাইলঃ ০১৭১৫-৬২৪৭৩৭ |
| ০৬ | বরিশাল | ২৫.০৫.২৪ শনিবার | ৬১ | বরিশাল | জনাব খান ইকবাল হোসেন উপব্যবস্থাপনা পরিচালক-২ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব মোঃ এহিয়াউল ইসলাম উপমহাব্যবস্থাপক মোবাইলঃ০১৭১২-৮২১৮৯৮ |
| ০৭ | খুলনা, ফরিদপুর ও কুষ্টিয়া | ৩১.০৫.২৪ শুক্রবার | ৬৭<br>(খুলনা বিভাগ-১৯ ফরিদপুর বিভাগ-৪১ কুষ্টিয়া বিভাগ-০৭) | খুলনা | জনাব সালমা বানু উপব্যবস্থাপনা পরিচালক-৩ বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা | জনাব রিয়াজ মাহমুদ অনুষদ সদস্য (উমুক) মোবাইলঃ০১৭০৩-৫৯৭৮০৫ |
| সর্বমোট | | | ৫২৬ | | - | - |

০৪। লোকসান বহনকারী শাখাসমূহের সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা এবং শাখা ব্যবস্থাপকগণ প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন। প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিক হবে।

০৫। বিকেবি, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ এর প্রশাসন পরিপত্র নং-০৯/২০২২, তারিখঃ ১৭-১০-২০২২ খ্রি. মোতাবেক প্রশিক্ষণার্থীদের খাবার খরচ ও অতিথি বক্তাদের সম্মানী নিম্নোক্ত হারে নির্বাহ করা যাবে ঃ

ক) **খাবারের খরচ ঃ**

| | |
|---|---|
| জনপ্রতি অংশগ্রহনকারী/ প্রশিক্ষণার্থীর দৈনিক খাবার খরচ (প্রশিক্ষণ-সমন্বয়কারীসহ আয়োজক কার্যালয়ের সর্বোচ্চ ১০ জন অন্তর্ভূক্ত হবেন) | ৫০০/- টাকা (সকালের নাস্তা,দুপুরের খাবার ও বিকালের নাস্তা) |

খ) অভ্যন্তরীণ প্রশিক্ষক অথবা অতিথি বক্তা হিসেবে যারা সেশন পরিচালনা করবেন তাদের নিম্নোক্ত ছক মোতাবেক সম্মানী প্রদান করা যাবে। সম্মানী প্রদানের সময় রাজস্ব টিকেট গ্রহণপূর্বক ১০% হারে উৎসে কর (৪১/১৬) কর্তন করে প্রদান করতে হবে।বিকেবি, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ এর পরিপত্র নং-০৯-২০২২,তারিখ-১৭/১০/২০২২ মোতাবেক নিম্নোক্তভাবে সম্মানী প্রদান করতে হবে।

| **অভ্যন্তরীণ (বিকেবি স্টাফ কলেজ ব্যতীত)** | | **বিকেবি বহির্ভূত** | |
|---|---|---|---|
| **পদবী** | **সম্মানী (টাকা)** | **পদবী** | **সম্মানী (টাকা)** |
| পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/ পরিচালক/ ব্যবস্থাপনা পরিচালক | ৫,০০০/- | যুগ্নসচিব ও তদুর্ধ্ব / সমপর্যায়/ সমগ্রেডভূক্ত কর্মকর্তা | ৫০০০/- |
| উপব্যবস্থাপনা পরিচালক | ৪০০০/- | বেসরকারি বিশেষজ্ঞ বক্তা/ বিশিষ্ট নাগরিক | ৫০০০/- |
| মহাব্যবস্থাপক | ৩৫০০/- | উপসচিব ও তদ্নিম্ন / সমপর্যায় / সমগ্রেডভূক্ত কর্মকর্তা | ৪০০০/- |
| উপমহাব্যবস্থাপক | ৩০০০/- | | |
| সহকারী মহাব্যবস্থাপক | ২৫০০/- | | |
| ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও তদ্নিম্ন কর্মকর্তা | ২০০০/- | | |

চলমান পাতা-০৩

**বিষয় ঃ ব্যাংকের লোকসান বহনকারী শাখাসমূহকে লাভজনক শাখায় রূপান্তরের লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যবস্থাপকদের ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত।**

গ) প্রশিক্ষণের খরচ বিকেবি স্টাফ কলেজের প্রশিক্ষণ খাত হতে নির্বাহ করা হবে বিধায় সংশ্লিষ্ট কার্যালয় শুধু অগ্রিম গ্রহণ করে ব্যয় নির্বাহ করতে পারবেন। সকল প্রকার ভ্যাট (৪১/১০-এ) বিকেবি স্টাফ কলেজ কর্তৃক প্রদান করা হবে। উক্ত খরচসমূহ কোর্স সমাপ্তির পর বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে বিকেবি স্টাফ কলেজ শাখার উপর ডেবিট এ্যাডভাইস ইস্যু করে স্থানান্তরের ব্যবস্থা করতে হবে। হিসাব সমন্বয়ের সুবিধার্থে ডেবিট এ্যাডভাইসের কপিসহ সকল খরচের মূল ভাউচারসমূহ বিকেবি স্টাফ কলেজের কোর্স সমন্বয়কারী বরাবর প্রেরণ করতে হবে।

**অনুমোদনক্রমে,**

১৬/০৫/২০২৪

**(এ.এইচ.এম. মাহবুবুল বাসেত ভূঞা)**
উপমহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭১৫-০১৫৭৪১

**নং- বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০২৩-২০২৪/১২৪৫** **তারিখ ঃ ১৬ মে, ২০২৪খ্রি.**

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

১) স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২) চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩) স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪) স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬) উপমহাব্যবস্থাপক, বিকেবি, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ/ ম্যানপাওয়ার প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট বিভাগ/ আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, প্রকা, ঢাকা। **পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।**
৭) মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯) নথি।

১৬/০৫/২৪

**(মোহাম্মদ মোসাওয়ার হোসেন)**
উর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্ব)
মোবাইলঃ ০১৭৫৪-৮৮৯৭২৪